বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

১৭ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ
তারিখঃ -----------------------
০১ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

ডিওএস সার্কুলার লেটার নং-২৬

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**জেলা পরিষদ নির্বাচন-২০১৬ এ অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের ব্যাংকের ঋণ খেলাপ সংক্রান্ত বিধি বিধানের আলোকে তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও সরবরাহ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের ২৮ নভেম্বর ২০১৬ তারিখের পরিপত্র নথি নং-৫৩.০০.০০০০.৩৩১.০৯.০০৮.১৬-৩০৮ এবং নির্বাচন কমিশন সচিবালয়ের ২০ নভেম্বর ২০১৬ তারিখের পরিপত্র নং-১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০১.১৬-৫৩৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপর্যুক্ত পরিপত্রের মাধ্যমে জেলা পরিষদ নির্বাচনে ঋণ খেলাপী ব্যক্তিগণকে অযোগ্য হিসেবে ঘোষণার লক্ষ্যে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নির্ভুলভাবে ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সংকলন, সংরক্ষণ ও তা সংশ্লিষ্ট রিটানিং অফিসারের নিকট যথাসময়ে উপস্থাপনের নির্দেশনা দেয়া হয়েছে।

০৩। তাছাড়া, জেলা পরিষদ নির্বাচন-২০১৬ এ মনোনয়নপত্র দাখিলের শেষ দিন হতে বাছাই সম্পূর্ণ না হওয়া পর্যন্ত সময়কাল (সরকারী/সাপ্তাহিক ছুটি এবং অফিস সময়ের পরে হলেও) সকল তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যেন নিজ নিজ দপ্তরে উপস্থিত থাকেন এবং রিটানিং অফিসার কোন তথ্য কিংবা সহায়তা চাইলে তা যথাসময়ে প্রদান করেন এ মর্মেও নির্দেশনা দেয়া হয়েছে।

উপর্যুক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সকল তফসিলি ব্যাংককে নির্দেশ দেয়া যাচ্ছে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(মোঃ ইব্রাহিম ভূঁইয়া)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২০৭